

# তৈরি করুন আপনার নিজস্ব ইউটিউব চ্যানেল

রশিদুল্লী বিপ-ব/rashidbiplot@gmail.com

ইউটিউব বর্তমান সময়ের সবচেয়ে জনপ্রিয় ভিডিও শেয়ারিং ওয়েব সাইট। বিশ্বজুড়ে কোটি কোটি মানুষ ভিডিও দেখা এবং একে অন্যের সঙ্গে ভাগাভাগি করার জন্য ব্যবহার করেন ইউটিউবকে। ইউটিউব-এর মেইন পেজে গিয়ে ভিডিও খোঁজা বা শেয়ার করার সুযোগতো আপনার সব সময়ই থাকছে, কিন্তু ইউটিউব-এর সবচেয়ে বড় আকর্ষণ সম্ভবত এর চ্যানেল। চ্যানেলগুলো ইউজারের আপলোড, প্রিয় ভিডিও, পে-লিস্ট ইত্যাদি সব কিছুকে এক জায়গায় নিয়ে আসে। অন্য ইউজাররা তখন সে চ্যানেলের গ্রাহক হতে পারেন। তারপর চ্যানেল নির্মাতার নতুন ভিডিও আপলোড হলে বা তাঁর কোনো আপডেট পোস্ট করা হলে সঙ্গে সঙ্গেই গ্রাহক বা সাবস্ক্রাইবাররা

## তথ্য কণিকা

সিডি যখন প্রথম তৈরি হয় তখন স্থির করা হয়েছিল, বিটোভেনের নবম সিমফনি রেকর্ড করার জন্য যতটুকু জায়গাই লাগে ততটাই জায়গাই একটি সিডি-র জন্য যথেষ্ট।

উপরের ছবিতে দেখতে পাচ্ছেন, শুরুতে আপনার চ্যানেলটি থাকবে এরকমই নিরস, সাদামাটা আর একঘেয়ে। চ্যানেলের একেবারে উপরে আছে অনেকগুলো অপশনসমৃদ্ধ মেন্যু, যার সাহায্যে বিশেষ কোনো দক্ষতা বা কোনো কামেলা ছাড়াই নানা রকমের কাস্টমাইজেশন করতে পারবেন। চ্যানেলে নতুন বুলেটিন যোগ করলে এর চেহারা তেমন কোনো পরিবর্তন আসবে না। ফেসবুকের স্ট্যাটাস-এর মতই বুলেটিন হচ্ছে ইউটিউব চ্যানেলের যে কোনো আপডেট বা পরিবর্তন সম্বন্ধে সাবস্ক্রাইবারদেরকে অবহিত করা। নতুন ভিডিও আপলোড করলে স্বয়ংক্রিয়ভাবেই তা

সাবস্ক্রাইবারদেরকে নিউজ ফিডের মাধ্যমে জানানো হবে।



## ইউটিউব-এর 'পোস্ট বুলেটিন' ট্যাব

এরপর আছে সেটিংস ট্যাব। আপনার চ্যানেলের কোনো শিরোনাম যে থাকতেই হবে এমন কোনো কথা নেই, তবে শিরোনাম থাকলে সাবস্ক্রাইবারদের সুবিধা হবে, যেমন: "পারিবারিক ছুটি উদযাপন", "আমার প্রিয় বিড়ালের ভিডিও" ইত্যাদি। চ্যানেলের ট্যাগও মূলত একইভাবে কাজ করে, অনুসন্ধানের সময় আপনার চ্যানেলের ফোকাসটা কি তা অনুসন্ধানকারী সহজে বুঝতে পারবেন। 'চ্যানেল টাইপ' জানায় আপনি কোন ধরনের ইউজার - ইউটিউবার (স্ট্যাডার্ড), ডিরেক্টর, মিউজিশিয়ান, কমেডিয়ান, গুরু নাকি রিপোর্টার। সেটিং ট্যাবে আরো আছে আপনার চ্যানেলকে অদৃশ্য করে দেয়ার সুযোগ, এ সুযোগটা নিলে সাধারণ কোনো ইউজার আর আপনার চ্যানেলে অ্যাকসেস নিতে পারবে না। 'থিমস অ্যান্ড কালার' ট্যাব ব্যবহার করে পেজের রঙ পরিবর্তন করতে পারবেন। এখানে আগে থেকে তৈরি করে রাখা বেশ কিছু থিম আছে। তবে যে কোনো থিমের বিভিন্ন উপাদানকে পরিবর্তন করে আপনি নিজেও নতুন থিম তৈরি করতে

পারবেন। এমনকি পারবেন একেবারে নতুন করে আপনার নিজস্ব থিমও তৈরি করতে। কেবল রঙই নয়, আপনার পেজের ব্যাকগ্রাউন্ড হিসেবে ছবিও ব্যবহার করতে পারবেন।



## ইউটিউব-এর 'থিমস অ্যান্ড কালার' ট্যাব

এবার আসি মডিউল ট্যাবের কথা। এর সাহায্যে আপনি চ্যানেলস পেজের বিভিন্ন বিভাগকে এক সঙ্গে বা আলাদা করতে পারবেন। কমেন্ট, অন্যান্য চ্যানেল, আপনার বন্ধুবান্ধব, আপনার সাম্প্রতিক কর্মকাণ্ড, আপনি কোথায় কোথায় সাবস্ক্রাইব করেছেন বা কে আপনার চ্যানেলে সাবস্ক্রাইব করেছেন ইত্যাদি তথ্য প্রদর্শন করতে পারবেন। আপনার ইচ্ছেমত বিভিন্ন মডিউলগুলো পেজের যেখানে খুশি সেখানে নিয়ে যেতে পারবেন।



## ইউটিউব-এর মডিউল ট্যাব

'ভিডিওস অ্যান্ড পে-লিস্ট' ট্যাব আপনার চ্যানেলে কোন কোন ভিডিও দেখা যাবে সেটা নিয়ন্ত্রণ করে। আপনি ইচ্ছে করলে কেবল নিজের আপলোড করা বা আপনার প্রিয় ভিডিওগুলোই প্রদর্শন করতে পারেন। এছাড়া কোন কোন ভিডিওকে আপনি 'ফিচারড' ভিডিও হিসেবে রাখতে চান তাও নির্দিষ্ট করে দিতে পারেন।



## 'ভিডিও অ্যান্ড পে-লিস্ট' ট্যাব

আপনার চ্যানেলকে পারসোনলাইজ করার চূড়ান্ত ধাপ হচ্ছে একটি ইউজার পিকচার আপলোড করা। আপনার অ্যাকাউন্ট সেটিং-এ যান এবং একটি ইউজার পিকচার আপলোড করুন। এটি যে আপনার নিজের ছবিই হতে হবে তা নয়, তবে ডিফল্ট ছবির জায়গাটাকে শূন্য রাখলে আপনার চ্যানেলটাকে ভাল দেখাবে না।



## ইউটিউব-এর নতুন চ্যানেল ডিজাইন